# উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।

## ডিসেম্বর, ২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ২২/১২/২০২২ খ্রি:।
সময়: দুপুর ১২:৩০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির অগ্রগতি বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন দপ্তরের চলমান কার্যক্রম পর্যালোচনা।
৪। বিবিধ।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ২৪/১১/২০২২ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, সংক্রামক রোগের প্রাদুর্ভাব আপতত নেই। সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কার্যক্রম চালু রয়েছে। করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ১। বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, কাহারোল উপজেলার ২নং রসুলপুর ইউনিয়নের কামোর বাজারে বিসিআইসি সার ডিলার মেসার্স খান এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আবু বাকার খান অবস্থিত। ২নং রসুলপুর ইউনিয়নের মধ্যস্থল সাধুর বাজার হওয়ায় কামোর বাজারের বিসিআইসি সার ডিলারকে সাধুর বাজারে স্থানান্তরের জন্য এলাকাবাসী জোর দাবী জানান। এ প্রেক্ষিতে বর্ণিত এলাকাবাসীর দূরত্বের সুবিধার কথা বিবেচনাপূর্বক কামোর বাজারে অবস্থিত বিসিআইসি সার ডিলার মেসার্স খান এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আবু বাকার খান কে ২নং রসুলপুর ইউনিয়নের মধ্যস্থল সাধুর বাজারে স্থানান্তরের বিষয়টি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং পার্শ্ববর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>এছাড়া মেসার্স শাহিন ট্রেডার্স, প্রোঃ মোঃ ইলিয়াস আকন্দ, বিসিআইসি সার ডিলার তিনি ২নং রসুলপুর ইউনিয়নের সার ৩নং মুকুন্দপুর ইউনিয়ন থেকে সরবরাহ/ বিতরণ করেন। এ প্রেক্ষিতে ২নং রসুলপুর ইউনিয়নে পর্যাপ্ত সার সরবরাহের নিমিত্ত ৩নং মুকুন্দপুর ইউনিয়নের সার ২নং রসুলপুর ইউনিয়নের কামোর বাজারে বিতরণের জন্য প্রস্তাব করা হয় এবং পার্শ্ববর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>২) ২নং রসুলপুর ইউনিয়ন এলাকাবাসীর দাবী যৌক্তিক মর্মে কামোর বাজারে অবস্থিত বিসিআইসি সার ডিলার মেসার্স খান এন্টারপ্রাইজ, প্রোঃ মোঃ আবু বাকার খান কে ২নং রসুলপুর ইউনিয়নের সাধুর বাজারে স্থানান্তরের বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>৩) ২নং রসুলপুর ইউনিয়নে পর্যাপ্ত সার সরবরাহের নিমিত্ত ৩নং মুকুন্দপুর ইউনিয়নের সার ২নং রসুলপুর ইউনিয়নের কামোর বাজারে বিতরণের বিষয়টি সর্বসম্মতিক্রমে সভায় অনুমোদিত ও গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | | ৪) সারের যাতে কৃত্রিম সংকট সৃষ্টির কোন অপচেষ্টা কেউ না করতে পারে, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি জানান যে, এলজিইডি এর আওতায় এবং উপজেলা পরিষদের মাঠ পর্যায়ে কাজ যথারীতি সুষ্ঠভাবে চলছে। তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন দপ্তরের সমূখে বিভিন্ন ভবন অকেজো ও পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। এসব ভবন পরিষদের সৌন্দর্য্য নষ্ট করছে এবং একই সঙ্গে জান-মালের ক্ষতির সম্ভাবনা রয়েছে। ভবন সমূহ দ্রুত অপসারন করা প্রয়োজন। ভবন অপসারনের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। সভায় অনুমোদিত হলে প্রাক্কলন সমূহ অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর-এ প্রেরণ করা যেতে পারে। ভবন সমূহের প্রাক্কলন নিম্নরূপঃ<br><br>(১) প্রাণীসম্পদ অফিসের A1 ভবন-৬৩,৬৪৫.৭৯, (২) প্রাণীসম্পদ অফিসের TVD ভবন-৬০,৮৩৪.৬৭, (৩) প্রাণীসম্পদ অফিসের VS কোর্য়াটার B2-৪১,৮৫১.৮৮, (৪) টু-ইন কোর্য়াটার ভবন-২ (গন্ধরাজ)-২,৮৬,১২৩.১৮, (৫) টু-ইন কোর্য়াটার ভবন-২ (শাপলা)-২,৮৬,১২৩.১৮,(৬) ভি এস কোর্য়াটার B1-৬৯,৯৪৩.১৯, (৭) CO অফিস ভবন- ২,৮৯,৮০৭.২৫, (৮) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন-২,৭১,৭৮৫.৮০।<br><br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, এলজিইডি এর আওতায় Supporting Rural Bridge প্রকল্পের মাধ্যমে ৩৫মিটার দির্ঘ্য জগন্নাথপুর ব্রীজের কাজ চলমান। পুরাতন জরাজির্ন আরসিসি ব্রীজটি অপসারনের কারনে ব্যবহার অযোগ্য কিছু রড পাওয়া যায় - যা উপজেলা পরিষদ হতে উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে আহবায়ন করা যেতে পারে। উক্ত রডের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য- ১,৬০,৭১১.০০ ( এক লক্ষ ষাট হাজার সাত শত এগারো) টাকা মাত্র। সভায় অনুমোদিত হলে পরবর্তী ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। | সভায় সর্ব সম্মতি ক্রমে উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন দপ্তরের সমূখে অকেজো ও পরিত্যাক্ত ভবন সমূহ অকেজো (Condemn) ঘোষণা ও অপসারনের লক্ষ্যে প্রাক্কলন সমূহ অনুমোদনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর-এ প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও পুরাতন জরাজির্ন আরসিসি ব্রীজটির রড উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে আহবায়নের জন্য প্রাক্কলন প্রকল্প পরিচালক বরাবরে দ্রুত প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, কাহারোল |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |

| | | | |
|---|---|---|---|
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচির আওতায় ০২ (দুই) জন ভিক্ষুকের বরাদ্দ পাওয়া গেছে। বিদ্যমান ভিক্ষুকের তালিকা থেকে নাম প্রয়োজন। এবিষয়ে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করা হয়। | পূর্বের সিদ্ধান্ত মোতাবেক ভিক্ষুক পুনর্বাসনের জন্য ক্রম অনুযায়ী ইউনিয়ন নির্ধারণ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়।<br>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার পরিবর্তে এবারের সিদ্ধান্ত মতে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বৃত্তি পরীক্ষা/২২ এর কাহারোল উপজেলায় ১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬৫৭ জন, কেন্দ্রের নাম: রামচন্দ্রপুর সরকারী মডেল উচ্চ বিদ্যালয়। পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | অনুষ্ঠিতব্য বৃত্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিআর, কাবিখা এবং কাবিটা প্রকল্প বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ৯৫টি গৃহের কাজ চলমান। মানবিক সহায়তা প্রকল্পের আওতায় ২৪০০ কম্বল বিতরণের কার্যক্রম চলমান। ১ (এক) কিলোমিটার HBB প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। এছাড়া গুচ্ছগ্রামসমূহে সমবায় সমিতি গঠনের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিভিন্ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম এবং বিতরণ কার্যক্রম চলছে। খেলাপী ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। অন্যান্য সকল প্রকল্প থেকে সঞ্চয় আদায়ের জন্য সদস্যরা আগ্রহী। এছাড়া বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংকের সঞ্চয় ও ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। সমিতির সকল সদস্যের নিয়মিতভাবে কিস্তি পরিশোধের পর পূনরায় ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, অত্র কার্যালয়ের চলতি অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম অর্জিত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় জানান, বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কারের জন্য কিছু আবেদন পাওয়া গেছে, যা অতি দ্রুত উপস্থাপন করা হবে। এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানাজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনো খাতুন সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কাহারোল উপজেলায় ৮টি প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ | অবকাঠামো খাতে গৃহীত প্রকল্পের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরকে অনুরোধ করা হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও |

| | | | |
|---|---|---|---|
| | প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। এছাড়া অবকাঠামো খাতে গৃহীত প্রকল্প কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। | | উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৮। তথ্যসেবা কর্মকর্তা | তথ্যসেবা কর্মকর্তা, কাহারোল সভায় জানান, গত অর্থ বছরে প্রতি মাসে ৪টি করে উঠান বৈঠক করা হত। কিন্তু এই অর্থ বছরে ২০২২-২০২৩ প্রতি মাসে ১টি করে উঠান বৈঠকের সিদ্ধান্ত দিয়েছেন। এছাড়া প্রতি মাসে তথ্যকেন্দ্রের সেবাগ্রহীতার সংখ্যা ৭০০ জন। এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২৯। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩০। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়। | ইনচার্জ. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩১। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ অব্যাহত আছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ-১ | বাল্য বিবাহ, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইঃ<br>সভাপতি বাল্য বিবাহ নিরোধ আইন, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভায় জানতে চান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, ইতোমধ্যে কাহারোল উপজেলাকে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে এবং বাল্যবিবাহ ও মাদক প্রতিরোধে লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য এ কার্যালয়ের সামনে ১টি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। যা দৈনন্দিন মনিটরিং করা হচ্ছে । নিয়মিত গ্রাম আদালতের তথ্য সংগ্রহ করা হচ্ছে। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইয়ের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে । | বাল্য বিবাহ নিরোধ আইন,গ্রাম-আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল,নিরাপদ খাদ্য আইন- ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল ইউ,পি চেয়ারম্যান ও কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর

## উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.২৯.০০১.২১-১৩৪৫ (৫০)

তারিখ: ৩০ ডিসেম্বর, ২০২২খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল, মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬, দিনাজপুর-১।
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
১১। উপজেলা ............................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।
১২। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।
১৩। জনাব ......................................................................................
১৪। অফিস কপি।

৩০।১২।২২

মোঃ নাইম হাসান খান
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd